

একই তারিখ ও একই সংখ্যক স্মারকে প্রকাশিত হইবে
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
নলডাঙ্গা, নাটোর।

স্মারক নং : ০৫.৪৩.৬৯৫৫.০০০.০৪.০১০.১৮.৫৬৩

তারিখঃ ১৩ ভাদ্র ১৪২৬
২৫ আগস্ট ২০১৯

বিষয় : নলডাঙ্গা উপজেলাবীন মাখনগর ইউনিয়ন পরিষদের ১ জন ও পিপকুল ইউনিয়ন পরিষদের ১ জন মহল্লাদার এর জন্য পদে নিয়োগ বিজ্ঞপ্তি
সূত্র : স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগের ০৪/৫/২০১৫ খ্রিঃ তারিখের প্রজ্ঞাপন যা ০৬ মে ২০১৫ খ্রিঃ তারিখের প্রকাশিত গেজেটে "স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) গ্রাম পুলিশ বাহিনীর গঠন, প্রশিক্ষণ শৃঙ্খলা ও চাকুরির শর্তাবলী সম্পর্কিত বিধিমালা, ২০১৫ এর বিধি ৩,৪,৬,৭(১) ও বিধি ৮ এর উপ-বিধি (১)(২)(৩)"।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের প্রেক্ষিতে নলডাঙ্গা উপজেলাবীন মাখনগর ইউনিয়ন পরিষদের ১ নং ওয়ার্ড ও পিপকুল ইউনিয়ন পরিষদের ০১ নং ওয়ার্ডের জন্য পদে মহল্লাদার পদে লোক নিয়োগ করা হবে। আগ্রহী প্রার্থীকে নিম্নবর্ণিত তথ্যসহ বর্ণিত শর্তে স্বহস্তে লিখিত দরখাস্ত আহবান করা যাচ্ছে।

তথ্যসমূহ

০১। প্রার্থীর নাম। ০২। পিতার/স্বামীর নাম। ০৩। মাতার নাম। ০৪। জন্ম তারিখ ও ৩১/৮/২০১৯ তারিখে বয়স। ০৫। জাতীয় পরিচয়পত্র (আইডি) সনদ। ০৬। স্থায়ী ঠিকানা (ওয়ার্ড নম্বরসহ)। ০৭। বর্তমান ঠিকানা। ০৮। শারীরিক যোগ্যতা (উচ্চতা, ওজন ও বুকের মাপ (স্বাভাবিক ও সম্প্রসারণ)। ০৯। ধর্ম। ১০। শিক্ষাপত্র যোগ্যতা। ১১। জাতীয়তা

শর্তসমূহ

- ০১। প্রার্থীকে সংশ্লিষ্ট ইউনিয়নের স্থায়ী বাসিন্দা হতে হবে, তবে সংশ্লিষ্ট ওয়ার্ডের প্রার্থীকে অগ্রাধিকার দেওয়া হবে।
- ০২। প্রার্থীর বয়স ৩১/৮/২০১৯ খ্রিঃ তারিখে ১৮ হতে ৩০ বছরের মধ্যে হতে হবে।
- ০৩। প্রার্থীকে কমপক্ষে ৮ম শ্রেণী বা সমমানের পরীক্ষায় পাশ হতে হবে।
- ০৪। প্রার্থীর শারীরিক যোগ্যতাঃ
ক) পুরুষ প্রার্থী- সর্বনিম্ন উচ্চতা ৫ ফুট ২ ইঞ্চি, বুকের মাপ ৩০ ইঞ্চি(স্বাভাবিক); ৩২ইঞ্চি(সম্প্রসারণ); ওজন সর্বনিম্ন ৫০ কেজি।
খ) মহিলা প্রার্থী- সর্বনিম্ন উচ্চতা ৫ ফুট, বুকের মাপ ২৮ ইঞ্চি (স্বাভাবিক); ৩০ ইঞ্চি(সম্প্রসারণ); ওজন সর্বনিম্ন ৪৫ কেজি।
- ০৫। প্রার্থীকে সুস্থ ও সুঠাম দেহের অধিকারী হতে হবে।
- ০৬। আবেদনের সাথে পাসপোর্ট সাইজের ০২(দুই) কপি ছবি (১ম শ্রেণীর কর্মকর্তার সত্যায়নসহ) দাখিল করতে হবে।
- ০৭। আবেদনের সাথে নাগরিক সনদ, শিক্ষা সনদ, জন্ম সনদ, জাতীয় পরিচয়পত্র সনদ(আইডি কার্ড) এর ফটোকপি ১ম শ্রেণীর কর্মকর্তার সত্যায়নসহ সংযোজন করতে হবে।
- ০৮। প্রার্থীকে উপরোক্ত তথ্যসহ শর্ত মোতাবেক স্বহস্তে লিখিত আবেদন আগামী ১২/৯/২০১৯ খ্রিঃ তারিখ বিকেল ৫.০০ টার মধ্যে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, নলডাঙ্গা, নাটোর এর ঠিকানায় ডাকযোগে/সরাসরি পৌছাতে হবে।
- ০৯। প্রার্থীকে বিদ্যমান অবস্থায় সরকার নির্ধারিত মাসিক বেতন ৬,৫০০/-টাকা (সরকার কর্তৃক বর্ধিত করা হলে তা প্রযোজ্য হবে মর্মে) প্রদান করা হবে।
- ১০। আবেদনের সাথে চাহিত কোন তথ্য কমতি বা অসত্য/ভুল তথ্য থাকলে তার আবেদন বাতিল বলে গণ্য করা হবে।
- ১১। নিয়োগকারী কর্তৃপক্ষ যে কোন সময় নিয়োগ কার্যক্রম স্থগিত/বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।
- ১২। প্রার্থীকে আবেদনের সাথে " উপজেলা নির্বাহী অফিসার, নলডাঙ্গা, নাটোর" এর নামে সোনালী ব্যাংক, নলডাঙ্গা হাট শাখার ২০০/- টাকার ব্যাংক ড্রাফট (অফেরৎযোগ্য) জমা প্রদান করতে হবে।

- ০১। উপজেলা -----অফিসার, নলডাঙ্গা নাটোর; তাকে তাঁর দপ্তরের নোটিশ বোর্ডে টাংগানোসহ বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ০২। চেয়ারম্যান, মাখনগর/পিপকুল ইউনিয়ন পরিষদ, নলডাঙ্গা, নাটোর। তাকে তাঁর দপ্তরের নোটিশ বোর্ড ও ওয়ার্ডের গুরুত্বপূর্ণ স্থানে টাংগানোসহ বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ০৩। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, মাখনগর/পিপকুল ইউনিয়ন ভূমি অফিস, নলডাঙ্গা, নাটোর। তাকে তাঁর দপ্তরের নোটিশ বোর্ড ও ওয়ার্ডের গুরুত্বপূর্ণ স্থানে টাংগানোসহ বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

অনুলিপি সদয় জ্ঞাতার্থেঃ

০১। জেলা প্রশাসক, নাটোর।

০২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নলডাঙ্গা, নাটোর।

(মেঃ সাকিব আল-রাস্কি)
উপজেলা নির্বাহী অফিসার
নলডাঙ্গা, নাটোর।
মোবাইল ফোন নং ০১৭৬২ ৬৯২১১২